



জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট-৩১০০
www.jgtdsl.gov.bd



নম্বর: ২৮.১৬.৯১০০.০০০.০৯০.৮৬.০০০৩.২৩.৪২

তারিখ: ১৬ আশ্বিন ১৪৩৩
০১ অক্টোবর ২০২৬

বিষয়: ফিটার তালিকাভুক্তির বিজ্ঞপ্তি

জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিঃ (জেজিটিডিএসএল) সংশ্লিষ্ট শ্রেণির গ্রাহকদের গ্যাস সংযোগ বিষয়ক কার্যক্রম পরিচালনার লক্ষ্যে প্রয়োজন অনুযায়ী জি.আই পাইপলাইন নির্মাণ ও গ্যাস সরঞ্জাম স্থাপনসহ আনুষঙ্গিক কাজের জন্য ডমেস্টিক ফিটার এবং স্বল্পচাপ বিতরণ গ্যাস পাইপ লাইন নির্মাণ কাজের জন্য ডিস্ট্রিবিউশন ফিটার তালিকাভুক্তির যোগ্যতা যাচাইয়ের টেস্ট গ্রহণ করা হবে। আগ্রহী প্রার্থীদের নিকট হতে অত্র কোম্পানির নির্ধারিত ফরমে আবেদন আহবান করা যাচ্ছে। উত্তীর্ণ প্রার্থীদের জেজিটিডিএসএল-এ নিয়মানুযায়ী তালিকাভুক্ত করা হবে।

আবেদনকারীর যোগ্যতা ও শর্তাবলী নিম্নরূপঃ

- ১.০ ডমেস্টিক ফিটারঃ যাদের শিক্ষাগত যোগ্যতা নূন্যতম ৮ম (অষ্টম) শ্রেণী পাস, জি.আই পাইপলাইন নির্মাণ ও গ্যাস সরঞ্জাম স্থাপন কাজের অভিজ্ঞতা (যদি থাকে), ০৩/০৬ মাস কারিগরি কোর্স সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। ডমেস্টিক ফিটার যোগ্যতা যাচাই পরীক্ষায় অংশগ্রহণকারী ফিটারদের আবেদন ফি টাকা ১,২০০.০০ (এক হাজার দুইশত) টাকা মাত্র (অফেরত যোগ্য)।
- ২.০ ডিস্ট্রিবিউশন ফিটারঃ যাদের শিক্ষাগত যোগ্যতা নূন্যতম ৮ম (অষ্টম) শ্রেণী পাস, আভ্যন্তরীণ এমএস পাইপলাইন নির্মাণ ও স্বল্পচাপ পাইপলাইন নির্মাণ কাজের অভিজ্ঞতা (যদি থাকে), ০৩/০৬ মাস কারিগরি কোর্স সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। ডিস্ট্রিবিউশন ফিটার যোগ্যতা যাচাই পরীক্ষায় অংশগ্রহণকারী ফিটারদের আবেদন ফি টাকা ১,৫০০.০০ (এক হাজার পাঁচশত) টাকা মাত্র (অফেরত যোগ্য)।
- ৩.০ একই আবেদনকারী পৃথক পৃথক ফি জমাদান সাপেক্ষে ডমেস্টিক ফিটার ও ডিস্ট্রিবিউশন ফিটার উভয় পদে টেস্টে অংশ গ্রহণের জন্য আবেদন করতে পারবে।
- ৪.০ আবেদন প্রাপ্তি ও জমাদানঃ নির্ধারিত ০৫-১১-২০২৬ তারিখের মধ্যে “জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিঃ” এর অনুকূলে হিসাব নম্বর: ০১০০০০৫১১৭০১৬, জনতা ব্যাংক পিএলসি-সিলেট কর্পোরেট ব্রাঞ্চ, সিলেট শাখায় টাকা জমা করে টাকা জমার মূল রশিদ আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে। আগামী ০৫-১০-২০২৬ তারিখ থেকে ০৫-১১-২০২৬ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে জেজিটিডিএসএল-এর পরিকল্পনা ডিপার্টমেন্টের কর্পোরেট প্ল্যানিং এ্যান্ড কন্ট্রোল এনালিস্টমেন্ট শাখা, মেন্দিবাগ, সিলেট হতে আবেদনপত্র সংগ্রহ এবং জমা প্রদান করা যাবে। এছাড়া জেজিটিডিএসএল-এর ওয়েব সাইট (www.jgtdsl.gov.bd) হতে আবেদনপত্র সংগ্রহ করা যাবে।
- ৫.০ টেস্ট গ্রহণ ও সময়সূচিঃ আবেদনপত্র প্রাথমিক যাচাই/বাছাই করে সংশ্লিষ্টদের ফিটার টেস্ট পরীক্ষার তারিখ/সময় উল্লেখসহ প্রবেশপত্র ইস্যু করা হবে। পরীক্ষার জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি/মালামাল সঙ্গে আনতে হবে। ফিটার টেস্টে অংশগ্রহণকারীদের যাতায়াতের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ৬.০ আবেদনপত্রের সঙ্গে নিম্নলিখিত কাগজপত্র জমা প্রদান করতে হবেঃ
 - (ক) আবেদনকারীর পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি সত্যায়িত রঙিন ছবি (খ) অর্থ জমাদানের মূল রশিদ
 - (গ) শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত ফটোকপি (ঘ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি (ঙ) কাজের অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে) (চ) টেস্টে অংশগ্রহণের শর্তাবলী (স্বাক্ষরকৃত)।
- ৭.০ অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৮.০

কমিটি কর্তৃক যোগ্যতা যাচাই সাপেক্ষে টেস্টে উত্তীর্ণ আবেদনকারীদের যথাযথ নিয়ম অনুসরণপূর্বক ফিটার সনদ ইস্যু করা হবে। সনদধারী ফিটারগণ গ্যাস পাইপলাইন নির্মাণকারী ঠিকাদারি প্রতিষ্ঠানে ব্যক্তিগত উদ্যোগে নিয়োজিত হবেন এবং অত্র কোম্পানি কোন ফিটারের কর্মসংস্থানের দায়িত্ব নিবে না। ফিটার টেস্টের ব্যাপারে জেজিটিডিএসএল এর সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

০১-১০-২০২৬

প্রকৌঃ মোঃ নিজাম উদ্দিন তালুকদার
উপ-মহাব্যবস্থাপক

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সকল ডিভিশন প্রধান।
- ২। সকল আরডিডি প্রধান, জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড।
- ৩। উপ-মহাব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্ব), আইটি ডিপার্টমেন্ট, জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড কোম্পানির ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।
- ৪। সকল আবিকা প্রধান, জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড আবিকার নোটিশ বোর্ডে সাটানোর অনুরোধসহ।
- ৫। সহকারী ব্যবস্থাপক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৬। সভাপতি/সাধারণ সম্পাদক, জালালাবাদ গ্যাস কন্ট্রোল ওয়েলফেয়ার এসোসিয়েশন, সিলেট [সমিতির সকল সদস্যগণকে অবহিত করার অনুরোধসহ।





জালালাবাদ গ্যাস টি এন্ড ডি সিস্টেম লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

“গ্যাস ভবন”, মেন্দিবাগ, সিলেট- ৩১০০।

উপ-মহাব্যবস্থাপক (পরিকল্পনা)
জালালাবাদ গ্যাস টি এন্ড ডি সিস্টেম লিঃ
গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট-৩১০০।

পাসপোর্ট সাইজের ২ কপি
সভায়িত রশিদ ছবি

বিষয়ঃ ডমেস্টিক ফিটার টেস্ট-২০২৬ পরীক্ষায় অংশগ্রহণের আবেদন প্রসঙ্গে।

মহোদয়,

যথাবিহীত নিবেদন এই যে, আমি নিম্নস্বাক্ষরকারী-----ফিটার
টেস্ট-২০২৬ পরীক্ষায় অংশগ্রহণ করার নিমিত্ত নিম্নবর্ণিত শর্তাবলী মোতাবেক প্রয়োজনীয় তথ্যাদি সমেত আবেদন
করাছি।

- ১। আবেদনকারীর নাম : -----
- ২। পিতার নাম : -----
- ৩। মাতার নাম : -----
- ৪। বর্তমান ঠিকানা : -----
- ৫। স্থায়ী ঠিকানা : -----
- ৬। ফিটারের ধরন : -----
- ৭। নগদ জমাকৃত ফি : টাকা----- কথায়ঃ-----
- ৮। জমার রশিদ নং ও তারিখ : -----
- ৯। জাতীয় পরিচয় পত্র নং : -----
- ১০। মোবাইল /টেলিফোন নং : -----
- ১১। শিক্ষাগত যোগ্যতা : -----

ক্রমিক নং	পরীক্ষার নাম	স্কুল /কলেজ/প্রতিষ্ঠান	ফলাফল	পাসের সন
১১.১	অষ্টম শ্রেণি			
১১.২	এস.এস.সি/সমতুল্য			
১১.৩	এইচ.এস.সি/সমতুল্য			
১১.৪	অন্যান্য (যদি থাকে)			

04/10/26

Noor Jahan Begum Chamely
Deputy Manager
Jalalabad Gas T & D System Ltd.

04.10.26
Engr. Md. Nizam Uddin Taluckder
Deputy General Manager (Planning)
Jalalabad Gas T & D System Ltd
Gas Bhaban
Mendibagh, Sylhet

১২.০। আবেদন পত্রের সহিত নিম্নবর্ণিত কাগজপত্রসমূহ সংযুক্ত করা হলো।

ক) পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি সত্যায়িত রজিন ছবি।

খ) অর্থ/ ফি জমাদানের মূল রশিদ।

গ) শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি।

ঘ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি।

ঙ) কাজের অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে)।

চ) ফিটার টেস্ট পরীক্ষায় যোগ্যতা যাচাইয়ের জন্য আবেদনের নিয়মাবলী (যথারীতি স্বাক্ষরকৃত)।

১৩.০। বিশেষ অভিজ্ঞতা (যদি থাকে)।

১৪.০। পরীক্ষায় উত্তীর্ণ হলে আমার/ আমাদের ঠিকাদারী প্রতিষ্ঠানে ফিটার হিসাবে কাজে নিয়োজিত করার ব্যবস্থা নেয়া হবে (প্রযোজ্য অনুযায়ী)।

স্বাক্ষরঃ

(প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী বা পরিচালকের নাম ও সীলমোহরসহ)

এমতাবস্থায়, ফিটার টেস্ট পরীক্ষার জন্য প্রযোজ্য নিয়মাবলী/ শর্তে আমাকে পরীক্ষা ও তদানুযায়ী পরবর্তী কার্যক্রমে অংশগ্রহণ করার সুযোগ প্রদানের জন্য আবেদন জানাচ্ছি।

আবেদনকারীর নাম ও স্বাক্ষরঃ-



Noor Jahan Begum Chameley
Deputy Manager
Jalalabad Gas T & D System Ltd.



Engr. Md. Nizam Uddin Taluckder
Deputy General Manager (Planning)
Jalalabad Gas T & D System Ltd
Gas Bhaban
Mendibagh, Sylhet



জালালাবাদ গ্যাস টি এন্ড ডি সিস্টেম লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

“গ্যাস ভবন”, মেন্দিবাগ, সিলেট- ৩১০০।

আবেদন ফর্ম-২০২৬

উপ-মহাব্যবস্থাপক (পরিকল্পনা)
জালালাবাদ গ্যাস টি এন্ড ডি সিস্টেম লিঃ
গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট-৩১০০।

পাসপোর্ট সাইজের ২ কপি
সত্যায়িত রশিদ ছবি

বিষয়ঃ ডিস্ট্রিবিউশন ফিটার টেস্ট-২০২৬ পরীক্ষায় অংশগ্রহণের আবেদন প্রসঙ্গে।

মহোদয়,

যথাবিহীত নিবেদন এই যে, আমি নিম্নস্বাক্ষরকারী-----ফিটার
টেস্ট-২০২৬ পরীক্ষায় অংশগ্রহণ করার নিমিত্ত নিম্নবর্ণিত শর্তাবলী মোতাবেক প্রয়োজনীয় তথ্যাদি সমেত আবেদন
করছি।

- ১। আবেদনকারীর নাম : -----
- ২। পিতার নাম : -----
- ৩। মাতার নাম : -----
- ৪। বর্তমান ঠিকানা : -----

- ৫। স্থায়ী ঠিকানা : -----

- ৬। ফিটারের ধরন : -----
- ৭। নগদ জমাকৃত ফি : টাকা----- কথায়ঃ-----
- ৮। জমার রশিদ নং ও তারিখ : -----
- ৯। জাতীয় পরিচয় পত্র নং : -----
- ১০। মোবাইল /টেলিফোন নং : -----
- ১১। শিক্ষাগত যোগ্যতা : -----

ক্রমিক নং	পরীক্ষার নাম	স্কুল /কলেজ/প্রতিষ্ঠান	ফলাফল	পাসের সন
১১.১	অষ্টম শ্রেণি			
১১.২	এস.এস.সি/সমতুল্য			
১১.৩	এইচ.এস.সি/সমতুল্য			
১১.৪	অন্যান্য (যদি থাকে)			

Noor Jahan Begum Chameley
Deputy Manager
Jalalabad Gas T & D System Ltd.

Engr. Md. Nizam Uddin Talukder
Deputy General Manager (Planning)
Jalalabad Gas T & D System Ltd.
Gas Bhaban
Mendibagh, Sylhet.

১২.০। আবেদন পত্রের সহিত নিম্নবর্ণিত কাগজপত্রসমূহ সংযুক্ত করা হলো।

ক) পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি সত্যায়িত রজিন ছবি।

খ) অর্থ/ ফি জমাদানের মূল রশিদ।

গ) শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি।

ঘ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি।

ঙ) কাজের অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে)।

চ) ফিটার টেস্ট পরীক্ষায় যোগ্যতা যাচাইয়ের জন্য আবেদনের নিয়মাবলী (যথারীতি স্বাক্ষরকৃত)।

১৩.০। বিশেষ অভিজ্ঞতা (যদি থাকে)।

১৪.০। পরীক্ষায় উত্তীর্ণ হলে আমার / আমাদের ঠিকাদারী প্রতিষ্ঠানে ফিটার হিসাবে কাজে নিয়োজিত করার ব্যবস্থা নেয়া হবে (প্রযোজ্য অনুযায়ী)।

স্বাক্ষরঃ

(প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী বা পরিচালকের নাম ও সীলমোহরসহ)

এমতাবস্থায়, ফিটার টেস্ট পরীক্ষার জন্য প্রযোজ্য নিয়মাবলী/ শর্তে আমাকে পরীক্ষা ও তদানুযায়ী পরবর্তী কার্যক্রমে অংশগ্রহণ করার সুযোগ প্রদানের জন্য আবেদন জানাচ্ছি।

আবেদনকারীর নাম ও স্বাক্ষরঃ-



Noor Jahan Begum Chamely
Deputy Manager
Jalalabad Gas T & D System Ltd.



Mr. Nizam Uddin Taluckder
Deputy General Manager (Planning)
Jalalabad Gas T & D System Ltd
Gas Bhaban
Jalalabad



জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লি:


(পেট্রোবাংলার একটি কোম্পানি)

গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট।

বিষয়ঃ ২০২৬ সালের ডমেস্টিক ফিটার/ডিস্ট্রিবিউশন ফিটার টেস্টে অংশগ্রহণের শর্তাবলীঃ

- ১.০ আবেদনপত্রের সহিত পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি রজ্জিন ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, জাতীয় পরিচয় পত্র, অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে), স্বাক্ষরযুক্ত নিয়মাবলী ইত্যাদির সত্যায়িত কপি জমা দিতে হবে। প্রার্থীকে ন্যূনতম অষ্টম শ্রেণি/সমমানের পাস হতে হবে এবং পাইপলাইন কাজ সম্পর্কে ধারণা থাকতে হবে।
- ২.০ ডমেস্টিক ফিটার-এর জন্য ব্যক্তিগতভাবে বা ১.১ ক্যাটাগরী প্রতিষ্ঠানের মাধ্যমে নির্ধারিত ফরমে আবেদন করা যাবে। ডিস্ট্রিবিউশন ফিটার-এর জন্য ব্যক্তিগতভাবে বা ১.২/১.৩ ক্যাটাগরীর প্রতিষ্ঠানের মাধ্যমে নির্ধারিত ফরমে আবেদন করা যাবে। অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- ৩.০ একই আবেদনকারী পৃথক পৃথক ফি জমাদান সাপেক্ষে ডমেস্টিক ফিটার এবং ডিস্ট্রিবিউশন ফিটার এ দু' ক্ষেত্রেই নিয়োজিত ফি-সহ আবেদন করতে পারবে।
(ক) ডমেস্টিক ফিটার আবেদন/টেস্ট ফি = ১,২০০/= (এক হাজার দুইশত) টাকা মাত্র (অফেরৎ যোগ্য) এবং
(খ) ডিস্ট্রিবিউশন ফিটার আবেদন/টেস্ট ফি = ১,৫০০.০০ (এক হাজার পাঁচশত) টাকা মাত্র (অফেরৎ যোগ্য)।
- ৪.০ বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে নির্ধারিত ফি “জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিঃ” এর অনুকূলে হিসাব নম্বর: ০১০০০০৫১১৭০১৬, জনতা ব্যাংক পিএলসি-সিলেট কর্পোরেট ব্রাঞ্চ, সিলেট শাখায় টাকা জমা করে টাকা জমার মূল রশিদ আবেদন পত্রের সাথে সংযুক্ত করে প্রয়োজনীয় তথ্যাদি/কাগজপত্রসহ নির্ধারিত তারিখের মধ্যে (আগামী ০৫-১০-২০২৬ তারিখ থেকে ০৫-১১-২০২৬ তারিখ পর্যন্ত) আবেদনপত্র ফরম পূরণ পূর্বক জেজিটিডিএসএল-এর পরিকল্পনা ডিপার্টমেন্টের কর্পোরেট প্র্যানিং এ্যান্ড কন্ট্রোল এনালিস্টমেন্ট শাখা, মেন্দিবাগ, সিলেট এ জমা দিতে হবে।
- ৫.০ আবেদনপত্র প্রাথমিক যাচাই/বাচাই করে সংশ্লিষ্টদের ফিটার টেস্টের তারিখ/সময় উল্লেখসহ প্রবেশপত্র ইস্যু করা হবে। প্রবেশপত্র ছাড়া পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে না।
- ৬.০ যে প্রতিষ্ঠানের মাধ্যমে আবেদনকারী উত্তীর্ণ হবেন, কাজে নিয়োজিত হওয়ার ক্ষেত্রে সে প্রতিষ্ঠানে নিয়োগের অগ্রাধিকার প্রদান করা হবে এবং ঐ প্রতিষ্ঠান হতে নিয়োগ বাতিল/অব্যাহতি না হওয়া পর্যন্ত বা নির্ধারিত সময়ে ইস্তফা কার্যকরী না হওয়া পর্যন্ত কাজে নিয়োজিত থাকতে হবে। তবে প্রয়োজন মোতাবেক জেজিটিডিএসএল এর পূর্বানুমতি গ্রহণ সাপেক্ষে এই নিয়োগ বাতিল/পরিবর্তন করা যেতে পারে।
- ৭.০ কোন ফিটার ধারাবাহিকভাবে ৬ বৎসর কাজে নিয়োজিত না থাকলে বা সনদ নবায়ন না করলে ঐ ফিটারের সনদের কার্যকারিতা আপনা আপনি বাতিল হয়ে যাবে। সেক্ষেত্রে নতুনভাবে ফিটার টেস্টে অংশ গ্রহণের মাধ্যমে উত্তীর্ণ হয়ে নতুনভাবে সনদ প্রাপ্ত হলে কেবল তখনই ফিটার হিসেবে কাজে নিয়োজিত হতে পারবে।
- ৮.০ কোন ফিটার কোন প্রতিষ্ঠানে নিয়োজিত হওয়ার পর ঐ প্রতিষ্ঠানে ন্যূনতম এক বৎসর কাজ করতে হবে। প্রতিষ্ঠান পরিবর্তন করতে হলে ন্যূনতম ১৫ দিন পূর্বে মনোনয়ন বাতিলের বিষয়টি লিখিতভাবে প্রতিষ্ঠান ও অত্র কোম্পানিকে জানাতে হবে। সে প্রেক্ষিতে প্রতিষ্ঠান ফিটারের আবেদন প্রাপ্তির পর সর্বাধিক পরবর্তী ১৫ দিনের মধ্যে নিষ্পত্তি করে ছাড়পত্র প্রদান করবে। অন্যথায় আপনা আপনি ছাড়পত্র পেয়েছেন বলে গণ্য হবে এবং অত্র কোম্পানি নিজস্ব বিবেচনায় প্রয়োজনবোধে পূর্বোক্ত মনোনয়ন বাতিল করতঃ নতুন প্রতিষ্ঠান নিযুক্তির পূর্বানুমতি দিতে পারবে। অনুরূপভাবে প্রতিষ্ঠানও ১৫ দিনের নোটিশে ফিটারের নিযুক্তি বাতিল করতে পারবে যা কোম্পানিকে জানাতে হবে এবং তদানুযায়ী তা রেকর্ডভুক্ত হবে।
- ৯.০ পরীক্ষাকালে প্রত্যেক পরীক্ষার্থীকে নিজস্বভাবে প্রবেশপত্রে উল্লেখিত মালামাল/যন্ত্রপাতি সঙ্গে আনতে হবে এবং যাতায়াতের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।



04/10/26
Noor Jahan Begum Chamely
Deputy Manager
Jalalabad Gas T & D System Ltd


04.10.26
Engr. Md. Nizam Uddin Talukder
Deputy General Manager (Planning)
Jalalabad Gas T & D System Ltd
Gas Bhaban
Mendibagh, Sylhet

- ১০.০ কোম্পানি কর্তৃক মনোনীত কমিটির মাধ্যমে ফিটার টেস্ট সম্পাদনের ব্যবস্থা নেওয়া হবে এবং উত্তীর্ণদের তালিকা প্রকাশ ও সনদপত্র প্রদান করা হবে। সনদের ভিত্তিতে নির্ধারিত সময় পর্যন্ত যে কোনো প্রতিষ্ঠানে নিয়োজিত হয়ে কাজ করা যাবে। কোম্পানির প্রচলিত নিয়মানুযায়ী সনদ নবায়ন করতে হবে।
- ১১.০ ডিস্ট্রিবিউশন ফিটার হিসেবে পরীক্ষায় উত্তীর্ণগণ যে প্রতিষ্ঠানের মাধ্যমে আবেদন করেছে সে প্রতিষ্ঠান বা ব্যক্তিগতভাবে আবেদনকারীগণ যে কোন ১.১/১.২/১.৩ ক্যাটাগরীর ঠিকাদারী প্রতিষ্ঠানে, প্রতিষ্ঠান ভিত্তিক অন্তর্ভুক্তির জন্য নিয়োগপত্র সহকারে পরিকল্পনা ডিপার্টমেন্ট আবেদন করতে হবে। আবেদন পত্র যথাযথভাবে বিবেচিত হলে ঐ প্রতিষ্ঠানে কাজে নিয়োজিত হওয়ার অনুমতি প্রদান করা হবে।
- ১২.০ ডমেষ্টিক ফিটারগণ জেজিটিডিএসএল সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়ের যথাযথ পূর্বানুমতি গ্রহণ সাপেক্ষে কাজের বিনির্দেশ মোতাবেক অভ্যন্তরীণ জি.আই.লাইন নির্মাণ সংক্রান্ত কার্যাদি যেমন জিআই পাইপ কাটিং/ফিটিং/ফিল্ডিং সহ প্রয়োজনীয় কাজ করবেন, যা ঠিকাদারী প্রতিষ্ঠানের মাধ্যমে নিয়োজিত হয়ে করতে হবে।
- ১৩.০ ডিস্ট্রিবিউশন ফিটারগণ জেজিটিডিএসএল-এর টিএসডি/পিসিডি/সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়ের যথাযথ পূর্বানুমতির গ্রহণ সাপেক্ষে কাজের বিনির্দেশ মোতাবেক বিতরণ গ্যাস পাইপলাইন অথবা স্বল্প চাপ পাইপ লাইন/আরএমএস নির্মাণ সংক্রান্ত কার্যাদির জন্য পাইপ কাটিং/ফিটিং/ফিল্ডিং সহ ইত্যাদি প্রয়োজনীয় কাজে ঠিকাদারী প্রতিষ্ঠানের মাধ্যমে নিয়োজিত হতে পারবে।
- ১৪.০ কাজের সময় জেজিটিডিএসএল কর্তৃক ইস্যুকৃত নির্ধারিত মেয়াদের পরিচয়পত্র (প্রয়োজনে সনদসহ) বহন/প্রদর্শন করতে হবে এবং প্রতিষ্ঠানের বা প্রতিষ্ঠানের জনবল সংক্রান্ত যে সকল শর্তাবলী/নিয়মাবলী অনুযায়ী বাতিল/স্থগিত/প্রত্যাহার হয় সে সকল ফিটারের বিরুদ্ধে প্রয়োজন মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যাবে।
- ১৫.০ পরিকল্পনা ডিপার্টমেন্ট নবায়নের জন্য আবেদন আহবান করলে, নির্ধারিত ফি বাবদ ৩০০ (তিনশত) টাকা জেজিটিডিএসএল-এর প্রধান কার্যালয়স্থ ক্যাশ শাখায় জমাদানের পর জমা রশিদসহ আবেদন পত্র জমা দিতে হবে। ফিটার নবায়নের স্থায়ী কমিটি কর্তৃক নির্ধারিত তারিখ/সময়ে কমিটির সম্মুখে প্রত্যেক আবেদনকারীকে ব্যক্তিগতভাবে হাজির হতে হবে। কমিটি সম্পাদিত কাজের পারফরম্যান্স মূল্যায়ন ও কাজের কর্মদক্ষতা যাচাই এর মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। নির্ধারিত তারিখের মধ্যে নবায়নে আবেদনে ব্যর্থ হলে নবায়ন ফি-র বাৎসরিক অতিরিক্ত ফি জমাদানের মাধ্যমে আবেদন করা যাবে। কোন ফিটার সর্বোচ্চ তিনবার নবায়ন না করলে বা নবায়নে অযোগ্য বিবেচিত হলে সনদ বাতিল বলে গণ্য হবে এবং কোন প্রকার কাজে নিয়োজিত হওয়া যাবে না।
- ১৬.০ কোন ফিটার কোন প্রকার বিধিবিহীন কার্যক্রমে নিয়োজিত হলে অপরাধের প্রকৃতির উপর ভিত্তি করে কার্যক্রমে নিয়োজিত হওয়া স্থগিতকরণ, সনদ স্থগিতকরণ, কাজের অনুমতি প্রত্যাহার/বাতিল, সনদ বাতিল, কালো তালিকাভুক্তিকরণ ইত্যাদি শাস্তিমূলক ব্যবস্থা গৃহীত হবে।
- ১৭.০ উত্তীর্ণ ফিটারগণকে স্ব স্ব উদ্যোগে ঠিকাদারী প্রতিষ্ঠানে নিযুক্তির ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। জেজিটিডিএসএল কর্তৃপক্ষ এ ব্যাপারে কোন পদক্ষেপ গ্রহণ করবে না বা দায়বদ্ধ থাকবে না। এই সনদ শুধুমাত্র জেজিটিডিএসএল-এর ক্ষেত্রে প্রযোজ্য হবে।
- ১৮.০ কালোতালিকাভুক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট জনবল আবেদনের অযোগ্য বলে বিবেচিত।
- ১৯.০ ফিটার টেস্ট সম্পাদনের ব্যাপারে জেজিটিডিএসএল-এর সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে এবং এতদসংক্রান্ত যে কোন শর্তাবলী সংশোধন/পরিবর্তন/পরিবর্ধন/বাতিল করার ক্ষমতা জেজিটিডিএসএল কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

উপরোক্ত শর্তাবলী যথাযথভাবে পড়ে/বুঝে ও মেনে নিতে বাধ্য থেকে আমি নিম্নস্বাক্ষরকারী আবেদন করছি।

আবেদনকারীর নাম ও স্বাক্ষরঃ-


Md. Jahan Begum Chamely
Deputy Manager
Dhaka Gas T & D System Ltd.


Engr. Md. Nizam Uddin Talukder
Deputy General Manager (Planning)
Dhaka Gas T & D System Ltd.
Gas Bhaban
Dhaka, Dhaka, Dhaka.